




রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
(An Enterprise of BREB)

বাড়ি#৫২, রোড#২১ (৭ম তলা)
নিকুঞ্জ-২, ঢাকা-১২৩০

**“রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর সদর দপ্তরে রক্ষিত ব্যবহার অনুপযোগী যানবাহন
(১টি জীপ গাড়ি) নিলামে বিক্রয়ের জন্য দরপত্র দলিল”**

(দরপত্র বিজ্ঞপ্তির সূত্র নং-স্মারক নং: ২৭.২৬.০০০০.০০৫.০২.০০০১.২৬.৪০৩ তারিখ: ২৩.০৯.২০২৬ খ্রিঃ)

দরপত্র দলিলের মূল্যঃ =৫০০/- (পাঁচশত) টাকা মাত্র।

ক্রয়কারী প্রতিষ্ঠানের নামঃ-----

ঠিকানাঃ-----

পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং-----

ইস্যুর তারিখঃ-----

ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
(An Enterprise of BREB)

বাড়ি#৫২, রোড#২১ (৭ম তলা)

নিকুঞ্জ-২, ঢাকা-১২৩০

www.rpcl.gov.bd

স্মারক নং: ২৭.২৬.০০০০.০০৫.০২.০০০১.২৬.৪০৩

তারিখ: ২৩.০৯.২০২৬ খ্রি.

“যানবাহন নিলাম বিজ্ঞপ্তি”

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর সদর দপ্তরে রক্ষিত ব্যবহার অনুপযোগী নিম্নবর্ণিত যানবাহন নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে:

নিলামতব্য অচল/অকেজো যানবাহনের বিবরণ	সর্বনিম্ন নিলাম দর (টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
১	২	৩	৪	৫	৬	৭
ঢাকা মেট্রো-ঘ-১১-৪৭৪৩ মিতসুবিশি জীপ গাড়ি মডেল:২০০৩ রেজি: তারিখ: ১৩/০৮/২০০৩ খ্রিঃ সি:সি: ২৪৭৭ জালানী:ডিজেল চেসিস নং:JMAONK9403J001933 ইঞ্জিন নং: 4D56-HH4842 অবস্থান: সদর দপ্তর গাড়ির বর্তমান অবস্থাঃ অচল	৪,১০,০০০.০০ (চার লক্ষ দশ হাজার) টাকা	৫০০/- (পাঁচশত) টাকা	উদ্ধৃত দরের ২৫%	২৪/০৯/২০২৬ খ্রিঃ হতে ১৪/১০/২০২৬ খ্রিঃ দুপুর ০২: ০০ ঘটিকা পর্যন্ত	১৫/১০/২০২৬ খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত	১৫/১০/২০২৬ খ্রিঃ বেলা ১২:৩০ ঘটিকা

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী নিলাম দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে যে কোন তফসিলি ব্যাংক হতে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব) বরাবর আবেদনের মাধ্যমে ১৪/১০/২০২৬ খ্রিঃ দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত অর্থ ও হিসাব বিভাগ হতে দরপত্র দলিল ক্রয়/সংগ্রহ করতে পারবেন।
- ০২। আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের ছক অনুযায়ী নির্বাহী পরিচালক (ওএন্ডএম), রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (RPCL), এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) আগামী ১৫.১০.২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে দরপত্র জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়সীমার পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

দরপত্র দাখিলের পদ্ধতিঃ

দরপত্র নিম্নলিখিত যে কোনো উপায়ে দাখিল করা যাবেঃ

১. সরাসরি আরপিসিএল অফিসে (নির্বাহী পরিচালক (ওএন্ডএম), রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড, এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯)।

২. ডাকযোগে/কুরিয়ারে।

৩. ইমেইলের মাধ্যমে।

সরাসরি অফিসে/ডাকযোগে/কুরিয়ারে জমাদানের ক্ষেত্রে খামের উপরে “সদর দপ্তরে রক্ষিত ব্যবহার অনুপযোগী যানবাহন (১ টি জীপ গাড়ি) নিলাম দরপত্র” এবং বিদ্যুৎ কেন্দ্রের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়া, খামের উপরে “[১৫/১০/২০২৬খ্রিঃ] বেলা ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না” এই নির্দেশনাটি লিখতে হবে।

ইমেইলে দাখিলের ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র জামানত উদ্ধৃত দরের ২৫% টাকা আরপিসিএল-এর হিসেবে (হিসাব নং ২০২৮০৬০২৫০০০১ হিসাবের নাম: রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, ব্যাংক: ব্র্যাক ব্যাংক পিএলসি, নিকুঞ্জ-২ শাখা) জমা প্রদান পূর্বক ইমেইলে (ইমেইলঃ rezaul.kabir@rpcl.gov.bd) জমা স্লিপের স্ক্যান কপি দরপত্রের সাথে প্রেরণ করতে হবে। জমা স্লিপের কপি ব্যতীত কোনো দরপত্র গ্রহণযোগ্য হবে না। নির্দিষ্ট সময়সীমার মধ্যে দরদাতা নিজ দায়িত্বে নিলাম আন্ধানকারী হতে ই-মেইল এর প্রাপ্তি স্বীকার সংগ্রহ করবেন। ইমেইল এর প্রাপ্তি স্বীকার ব্যতীত ইমেইল না পাওয়ার বিষয়ে কোনরূপ অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(চলমান পৃষ্ঠা-০৩)

ডাকযোগে/কুরিয়ারে প্রেরণের ক্ষেত্রে ঠিকানা :

নির্বাহী পরিচালক (ওএন্ডএম)
রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল),
এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১,
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

নির্ধারিত সময়ের পর অর্থাৎ ১৫/১০/২০২৬ খ্রিঃ দুপুর ১২:০০ ঘটিকার পর আর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

- ০৩। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ আগামী ১৫/০৪/২০২৬ খ্রিঃ বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (RPCL), এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ -তে খোলা হবে।
- ০৪। দরদাতা কর্তৃক প্রদত্ত দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “সদর দপ্তরে রক্ষিত ব্যবহার অনুপযোগী যানবাহন নিলাম দরপত্র” কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৫। নিলাম দরদাতাগণকে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ দরপত্র জামানত (ফেরৎযোগ্য) হিসেবে- “রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড” এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা দিতে হবে। জামানতের অর্থ উদ্ধৃত মূল্যের ২৫% এর কম/বেশি হলে দাখিলকারীর দর বাতিল বলে গণ্য হবে। জামানত হিসাবে কোন চেক অথবা নগদ টাকা গ্রহণযোগ্য হবে না।
- ০৬। সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের পর অন্যান্য দরদাতার জামানতের অর্থ (২য় ও ৩য় দরদাতা ব্যতীত) দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে চেক এর মাধ্যমে ফেরত প্রদান করা হবে।
- ০৭। আগ্রহী দরদাতাগণ নিলাম দরপত্র দাখিলের পূর্বে আগামী ১৪/১০/২০২৬ খ্রিঃ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ে রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড এর সদর দপ্তর (এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯) নিলামতব্য ব্যবহারের অনুপযোগী যানবাহন (১ টি জীপ গাড়ি) সরজমিনে পরিদর্শন করতে পারবেন। প্রয়োজনে সদর দপ্তরের ব্যবস্থাপক (প্রশাসন), জনাব মাহমুদ হোসেন, মোবাইল নং: ০১৬৭৩৬৪০২৪০ এর সাথে সরাসরি যোগাযোগ করা যাবে।
- ০৮। আগ্রহী দরদাতাগণকে ব্যবহারের অনুপযোগী জীপ গাড়িটির দর দাখিলের ক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্য ৪,১০,০০০.০০ (চার লক্ষ দশ হাজার) টাকার কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।
- ০৯। নিলাম দরপত্রে কোন ধরনের কাটা-ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অবশ্যই অংকে এবং কথায় উভয় স্পষ্ট করে দাখিল করতে হবে। অস্পষ্ট দর সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। অত্র নিলাম দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা/ব্যাক্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড এর কর্তৃপক্ষ বরাবরে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১১। কৃতকার্য/সর্বোচ্চ নিলাম ডাককারীকে কার্যাদেশ প্রদানের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎসে কর বাবদ প্রযোজ্য অর্থ নগদ/পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে ব্যবহারের অনুপযোগী যানবাহন (১ টি জীপ গাড়ি) সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে এবং কার্যাদেশও বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাদের দরপত্র জামানত নিয়মানুযায়ী মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর চেক এর মাধ্যমে ফেরত প্রদান করা হবে।
- ১২। গাড়ির কোন রকম কাগজপত্রাদি (মূল অথবা ফটোকপি কোনটা-ই নয়) প্রদান করা হবে না। এমনকি গাড়ির নেমপ্লেটও প্রদান করা হবে না। সম্পূর্ণ অকেজো হিসাবে গাড়িটি প্রদান করা হবে।
- ১৩। আরপিসিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য, উপর্যুক্ত শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে নিলাম দরপত্র দলিলে বর্ণিত থাকবে।
- ১৪। উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নির্বাহী পরিচালক (ওএন্ডএম),
রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল),
এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১,
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
মোবাইল:
ইমেল: rezaul.kabir@rpcl.gov.bd

=০৪=

দরপত্র দলিল

দরদাতার প্রতি নির্দেশাবলী

০১।	দরপত্র দলিল	বিক্রয়তব্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী দরপত্র দলিলে বর্ণনা করা হয়েছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও দরপত্র দলিলে নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত হবে: (ক) দরদাতার প্রতি নির্দেশাবলী; (খ) বিক্রয়তব্য মালামাল গ্রহণের সময়সীমা; (গ) দরপত্র ফরম; (ঘ) বিক্রয়তব্য মালামালের স্পেসিফিকেশন, সংখ্যা এবং উদ্ধৃত দর;
০২।	দরপত্র দলিলের স্পষ্টায়ন	দরপত্র দলিলের কোন বিধান অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতা বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে। অনুরোধ অবশ্যই দরপ্রস্তাব দাখিলের সর্বশেষ তারিখের অন্তত ০৭ (সাত) দিন পূর্বে পৌঁছাতে হবে।
০৩।	দরপত্র দলিলের সংশোধন	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের পূর্বে যেকোন সময় বিক্রেতা নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যেকোন বিধান সংশোধন করতে পারবেন। তবে যে সকল দরদাতা সংশোধনের পূর্বেই দরপত্র দলিল সংগ্রহ করেছেন তাঁদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হবে এবং তা অনুসরণ করা দরদাতাগণের জন্য বাধ্যতামূলক হবে।
০৪	নূন্যতম নিলাম দর	ব্যবহারের অনুপযোগী জীপ গাড়িটির দর দাখিলের ক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্য ৪,১০,০০০.০০ (চার লক্ষ দশ হাজার) টাকার কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।

দরপত্র তৈরি

০৫।	যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরি হবে	দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্রে অবশ্যই নিম্নোক্ত দলিল সমূহ সংযুক্ত থাকতে হবে: (ক) প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে নিলাম দরপত্র দাখিল সংক্রান্ত আবেদনপত্র; (খ) বিক্রয়তব্য যানবাহন গ্রহণের সময়সীমা পরিশিষ্ট-ক); (গ) দরপত্র ফরম (পরিশিষ্ট-খ); এবং (ঘ) বিক্রয়তব্য মালামালের স্পেসিফিকেশন ও উদ্ধৃত দর (পরিশিষ্ট -গ); (ঙ) NID, হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN এবং BIN এর কপি এবং; (চ) দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ।
০৬।	দরপত্র জামানত	ডাক/সরাসরি দাখিলের ক্ষেত্রে: দরদাতা কর্তৃক প্রদত্ত দরের ২৫% অর্থ দরপত্র জামানত হিসেবে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। ইমেইলের মাধ্যমে দাখিলকৃত দরপত্রের ক্ষেত্রে: প্রদত্ত দরের ২৫% অর্থ দরপত্র জামানত হিসেবে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' আরপিসিএল এর নির্ধারিত ব্যাংক একাউন্টে জমার প্রমাণক দাখিল করতে হবে। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২৫% এর কম/বেশি দরপত্র জামানত দাখিল করা হলে দরপত্র নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে। ব্যর্থ দরদাতাগণের দরপত্র জামানত সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের পর অন্যান্য দরদাতার জামানতের অর্থ দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে চেক এর মাধ্যমে যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হবে। দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে যদি- (ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তাঁর দরপত্র প্রত্যাহার করেন; এবং (খ) উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহণে দরদাতা অস্বীকৃতি জানান;
০৭।	দরপত্রের মেয়াদ	দরপত্র দাখিলের তারিখ হতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকতে হবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম হলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করে বাতিল করা হবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাতে পারবেন। অনুরোধ এবং দরদাতার জবাব অবশ্যই লিখিত ভাবে হতে হবে। কোন দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধে সম্মত না হলেও দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে না।
০৮।	নিলাম ডাকে অংশগ্রহণকারীর যোগ্যতা	নিলাম দরপত্রে অংশগ্রহণকারী • ব্যক্তির ক্ষেত্রে যোগ্যতা হিসেবে NID ও TIN এবং • প্রতিষ্ঠানের ক্ষেত্রে যোগ্যতা হিসেবে হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN ও BIN থাকতে হবে।
০৯।	দরপত্র দলিল স্বাক্ষর	দরপত্র দলিলের প্রতি পৃষ্ঠায় দরদাতা অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে। দরপত্র দলিলে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হলে তা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হতে হবে।

(চলমান পৃষ্ঠা-০৫)

দরপত্র দাখিল

১০।	দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ	দরদাতা দরপত্রটি খামের উপর বিক্রেতার ঠিকানা এবং দরপত্র খোলার সর্বশেষ সময়সীমার পূর্বে (১৫/১০/২০২৬) খ্রিঃ বেলা ১২:৩০ ঘটিকা) দরপত্র ‘খোলা যাবে না’ কথাটি লিখতে হবে।
১১।	দরপত্র দাখিলের সময়সীমা	দরপত্র অবশ্যই ১৫/১০/২০২৬খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত বিক্রেতা বা তাঁর প্রতিনিধি কর্তৃক গৃহীত হতে হবে। বিক্রেতা প্রয়োজন মনে করলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রেখে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।
১২।	দেৱীতে দাখিলকৃত দরপত্র	নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরত প্রদান করা হবে।

বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

১৩।	বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা	নির্ধারিত তারিখ ও সময়ে (১৫/১০/২০২৬ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১২:৩০ ঘটিকা) দরদাতা অথবা দরদাতাগণের প্রতিনিধিদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে দরপত্র দলিল আরপিসিএল কর্তৃপক্ষ কর্তৃক খোলা হবে। দরদাতা অথবা দরদাতাগণের প্রতিনিধি উপস্থিত থাকলে অবশ্যই উপস্থিতি তালিকায় স্বাক্ষর করবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, দরপত্র জামানতের পরিমাণ এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করবেন এবং লিপিবদ্ধ করবেন। ১২নং অনুচ্ছেদ অনুযায়ী দেৱীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাবে না।
১৪।	দরপত্র স্পষ্টায়ন	দরপত্র মূল্যায়নের প্রয়োজনে বিক্রেতা যে কোন দরদাতার নিকট দরপত্রের উপর ব্যাখ্যা চাইতে পারেন। তবে এই ধরনের ব্যাখ্যা এবং জবাব অবশ্যই লিখিতভাবে হতে হবে। উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা বিক্রেতা চাইতে পারবেন না অথবা দরদাতা প্রস্তাব করতে পারবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হবে না।
১৫।	দরপত্র প্রাথমিক যাচাই-বাছাই	(১৫.১) বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই-বাছাই কালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি-না? প্রয়োজনীয় জামানত দাখিল করা হয়েছে কি-না? দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি-না? গাণিতিক কোন ভুল আছে কি-না? ইত্যাদি বিষয়ে নিশ্চিত হবেন। গাণিতিক কোন ভুল থাকলে তা নিম্নোক্ত ভাবে সংশোধন করা হবেঃ উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে। (১৫.২) দরপত্রে যেকোন ধরনের ছোট ত্রুটি/অনিয়ম গ্রহণের উপযুক্ত মনে করলে বিক্রেতা উপেক্ষা করতে পারেন। বড় ধরনের বিচ্যুতি বলতে, উদাহরণ স্বরূপঃ প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল গ্রহণের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাবে।
১৬।	দরপত্র তুলনা ও মূল্যায়ন	গৃহীত দরপত্র সমূহ ১৫নং অনুচ্ছেদ অনুযায়ী যাচাই-বাছাইকালে সর্বোত্তমভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ বিক্রেতা তুলনা ও মূল্যায়ন করবেন। প্রদত্ত দরপত্র সমূহ মূল্যায়নের ক্ষেত্রে যানবাহনটির জন্য সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনায় এনে সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানকে সফল হিসেবে বিবেচনা করা হবে। উল্লেখ্য যে, বর্ণিত যানবাহনটির ক্ষেত্রে আরপিসিএল কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।

নিলামকৃত মালামাল গ্রহণের কার্যাদেশ প্রদান

১৭।	কার্যাদেশ প্রদানের নির্ণায়ক	১৯ নং অনুচ্ছেদ স্বাপেক্ষে বিক্রেতা সফল দরদাতা অর্থাৎ যার দরপত্র সর্বোত্তমভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরপত্র হিসাবে বিবেচিত হবে তাকে কার্যাদেশ প্রদান করবেন।
১৮।	বিক্রেতা কর্তৃক যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান করার অধিকার	কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যেকোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্ত দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার দায়বদ্ধতা সৃষ্টি হবে না।
১৯।	কার্যাদেশ প্রদান	দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই বিক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করবেন। কার্যাদেশপত্র বিক্রেতার সহিত সফল দরদাতার চুক্তি বলে বিবেচিত হবে। উল্লেখ্য যে, যানবাহনটির ক্ষেত্রে একাধিক দরদাতা একই পরিমাণ দর/মূল্য প্রদান করলে সেক্ষেত্রে যানবাহনটির কার্যাদেশ প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট দরদাতাগণের সাথে বিক্রেতা কর্তৃক আলোচনা স্বাপেক্ষে এবং উক্ত দরদাতাগণের লিখিত আবেদন গ্রহণ স্বাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
২০।	নিলামকৃত মালামাল গ্রহণের জন্য সর্বমোট মূল্য পরিশোধ	সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান পরবর্তী মালামাল গ্রহণের জন্য ০৭ (সাত) দিনের মধ্যে ২৫% নিরাপত্তা জামানত বাদে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) শতাংশ মূল্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, কার্যাদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।
২১।	ভ্যাট ও উৎসে কর পরিশোধ	সফল নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের সাথে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী ভ্যাট ও উৎসে কর যুক্ত করে দর দাখিল করতে হবে।
২২।	যথাসময়ে মালামাল গ্রহণ	সফল নিলাম দরদাতাকে মালামাল গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালামাল গ্রহণ করতে হবে।
২৩।	বিক্রিত গাড়ির পুনরায় রেজিস্ট্রেশন/ মালিকানা বদলী	অচল/অকেজো বিক্রিত গাড়ির কোনরকম কাগজপত্রাদি বা নেমপ্লেট প্রদান করা হবেনা এবং গাড়ির পুনরায় রেজিস্ট্রেশন/মালিকানা বদলী হবে না। গাড়ি বুঝে নেয়ার সময় দরদাতাকে নিজ দায়িত্বে প্রয়োজনীয় সকল লজিস্টিকস ব্যবস্থা গ্রহণ করে গাড়ি নিয়ে যেতে হবে।
২৪।	বিক্রয়োত্তর দায়- দায়িত্ব	নিলামকৃত গাড়ি বুঝে নেয়ার পর গাড়ি সংক্রান্ত বিষয়ে আরপিসিএল কর্তৃপক্ষের কোন দায় ভার থাকবে না।
২৫।	ক্ষতিপূরণ	গাড়িটি গ্রহণকালে অত্র প্রতিষ্ঠান/স্থাপনাসহ অন্য কোন সম্পদের ক্ষতি হলে, দরদাতা নিজ খরচে মেরামত/সংশোধন করে দিবে।
২৬।	দরপত্র অযোগ্য/বাতিল ঘোষণা	ক) নির্ধারিত হারে দরপত্র জামানত সংযুক্ত না করা; (খ) বিক্রয়তব্য মালামালের উদ্ধৃত দর (পরিশিষ্ট -গ) সংযুক্ত না করা; (গ) নিলাম দরপত্রে অংশগ্রহণকারী - ব্যক্তির ক্ষেত্রে যোগ্যতা হিসেবে NID ও TIN এবং - প্রতিষ্ঠানের ক্ষেত্রে যোগ্যতা হিসেবে হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN ও BIN এর কপি সংযুক্ত না করা।
২৭।	কার্যাদেশ প্রদানের সময় নিলামকৃত মালামালের পরিমাণ কম/বেশী করার ব্যাপারে	প্রযোজ্য নয়।

দরপত্র দলিল

পরিশিষ্ট 'ক'

দরদাতা প্রতিষ্ঠানের নাম-----

নিলামতব্য যানবাহন গ্রহণের সময়সীমা

নিলামতব্য অচল যানবাহনের বিবরণ	সংখ্যা	নিলামতব্য যানবাহন গ্রহণের সময়সীমা	উদ্ধৃত সময়সীমা	যে স্থান হতে নিলামতব্য যানবাহন গ্রহণ করতে হবে
১	২	৩	৪	৫
গাড়ির ধরন: মিতসুবিশি জীপ গাড়ি গাড়ি নং- ঢাকা মেট্রো-ঘ-১১-৪৭৪৩ মডেল: ২০০৩ রেজি: তারিখ: ১৩/০৮/২০০৩ সিসি: ২৪৭৭ জ্বালানী: ডিজেল চেচিস নং: JMAONK9403J001933 ইঞ্জিন নং: 4D56-HH4842 অবস্থান: সদর দপ্তর গাড়ির বর্তমান অবস্থা: অচল	১	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ দিন		রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর সদর দপ্তর (এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯)

****নোটঃ কার্যাদেশ প্রদানের তারিখ ব্যবহারের অনুপযোগী ঘোষিত যানবাহন গ্রহণের সময়সীমা শুরু হবার তারিখ হিসেবে গণ্য হবে।
তালিকায় বর্ণিত ব্যবহারের অনুপযোগী ঘোষিত যানবাহন গ্রহণের সময়সীমার বেশী সময় উদ্ধৃত করলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসেবে
বিবেচিত হবে।**

(দরদাতার স্বাক্ষর ও তারিখ)

দরপত্র দলিল

পরিশিষ্ট 'খ'

দরপত্র ফরম

ব্যবস্থাপনা পরিচালক

রুরাল পাওয়ার লিমিটেড

এশিয়ান টাওয়ার, লেভেল-০৭, বাড়ি-৫২, রোড-২১,

নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী/গণ অত্র নিলাম দরপত্র দলিল পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই পূর্বক 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর

সদর দপ্তরে রক্ষিত ব্যবহারের অনুপযোগী ঘোষিত যানবাহন (১টি জীপ গাড়ি) ক্রয়ের নিমিত্ত

সর্বমোট.....(কথায়ঃ.....

.....) টাকায় মালামালসহ গ্রহণের প্রস্তাব করছি।

আমার/আমাদের কর্তৃক প্রদত্ত দরপত্র গৃহীত হলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমার মধ্যে ১০০% কাজ দিনের মধ্যে করতে বাধ্য থাকবো।

আমার/আমাদের কর্তৃক প্রদত্ত দরপত্র গৃহীত হলে দরপত্র দলিলের (৭ নং) অনুচ্ছেদে উল্লিখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকলে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ অনুযায়ী মালামাল গ্রহণ করতে বাধ্য থাকবো।

আপনার প্রদত্ত কার্যাদেশ 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এবং আমার/আমাদের মধ্যে চুক্তি হিসেবে গণ্য হবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি/আপনারা যেকোন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

(দরদাতার স্বাক্ষর ও তারিখ)

নাম.....

পদবী.....

পূর্ণ ঠিকানা/ফোন নং.....

দরদাতা প্রতিষ্ঠানের নাম-----

নিলামভ্য যানবাহনের স্পেসিফিকেশন, সংখ্যা এবং উদ্ধৃত দর

ক্রমিক নং	যানবাহনের ধরণ	পরিমান	একক	উদ্ধৃত মোট মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ)
১	২	৩	৪	৬
০১।	গাড়ির ধরন: মিতসুবিশি জীপ গাড়ি গাড়ির নং- ঢাকা মেট্রো-ঘ-১১-৪৭৪৩ মডেল: ২০০৩ রেজি: তারিখ: ১৩/০৮/২০০৩ সিসি: ২৪৭৭ জ্বালানী: ডিজেল চেচিস নং: JMAONK9403J001933 ইঞ্জিন নং: 4D56-HH4842 অবস্থান: সদর দপ্তর গাড়ির বর্তমান অবস্থাঃ অচল	১	সংখ্যা	
(ভ্যাট ও ট্যাক্স সহ) মোট মূল্য (অংকে)				
মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্স সহ) (কথায়):				

* দরদাতাকে বর্তমান ভ্যাট ও ট্যাক্স হার যুক্ত করে দর দাখিল করতে হবে। বিক্রয়াদেশের মেয়াদকালীন সময়ে ভ্যাট ও আয়কর (নিয়ম+ভ্যালু) পরিবর্তন হলে, পরিবর্তিত ভ্যাট ও আয়করের দায় কৃতকার্য দরদাতার উপর বর্তাবে।

দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল	
তারিখ:	

(দরদাতার স্বাক্ষর ও সীল)

[বিঃ দ্রঃ আগ্রহী দরদাতাগণকে ব্যবহারের অনুপযোগী ঘোষিত যানবাহন (১টি জীপ গাড়ি) এর দর দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্ণিত ব্যবহারের অনুপযোগী ঘোষিত যানবাহন (১টি জীপ গাড়ি) বিক্রয় করা হবে। আরও উল্লেখ্য যে, বর্ণিত অকেজো ঘোষিত যানবাহনের ক্ষেত্রে আরপিসিএল কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।]